

নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০২.১৮.১৬৬৯

তারিখ: ২৫/৩/১৫

বিষয়: মাননীয় প্রধানমন্ত্রীর ঠাকুরগাঁও সফরকালীন আয়োজিত জনসভায় মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত ভাষণ সরাসরি সম্প্রচার।

- আগামী ২৯ মার্চ ২০১৮ খ্রি., বৃহস্পতিবার বিকাল ৩টায় বড়মাঠ, ঠাকুরগাঁও-এ আয়োজিত জনসভায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভাষণ প্রদান করবেন। মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত ভাষণ বিটিসিএল লাইনের মাধ্যমে বাংলাদেশ বেতার ঢাকা-ক, ৬৯৩ কিলোহার্জে, এফ.এম ১০৬.০ মেগাহার্জে এবং ওয়েব সাইট www.betar.gov.bd থেকে সরাসরি সম্প্রচার হবে। উক্ত ভাষণ বাংলাদেশ বেতার রংপুর ও ঠাকুরগাঁও কেন্দ্রের মধ্যম তরঙ্গ ও সংশ্লিষ্ট এফ.এম ব্যান্ডে একযোগে রীলে হবে।
- ২। উক্ত ভাষণের সময়সূচি পরিবর্তনের ক্ষেত্রে আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা ও ঠাকুরগাঁও এবং সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রেস উইং/জেলা প্রশাসন, ঠাকুরগাঁও এর সাথে যোগাযোগপূর্বক ভাষণ যথাসময়ে প্রচার নিশ্চিত করবেন।
 - ৩। মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র-বড়মাঠ, ঠাকুরগাঁও থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত টেলিফোন লাইন বুক করবেন এবং স্যাটেলাইটের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ রংপুর ও ঠাকুরগাঁও কেন্দ্রে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন। টেলিফোন সংযোগের ব্যয়ভার আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা বহন করবেন।
 - ৪। উক্ত ভাষণ প্রচারকালীন ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান, সকল সংবাদ, আবহাওয়াবার্তা ও আযান ঢাকা-খ, ৮১৯ কিলোহার্জে, ঢাকা-গ, ১১৭০ কিলোহার্জে, এফ.এম ৯৭.৬ মেগাহার্জে এবং ক্ষুদ্র তরঙ্গ ৪৭৫০ কিলোহার্জে প্রচার হবে। এছাড়া ভাষণ প্রচারকালীন বাংলাদেশ বেতার রংপুর ও ঠাকুরগাঁও কেন্দ্রের পূর্ব নির্ধারিত অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে/সময়সময়ে বিকল্প ফ্রিকোয়েন্সিতে (যদি থাকে) প্রচার হবে।
 - ৫। উক্ত ভাষণ সরাসরি সম্প্রচারের সাথে সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে অনুষ্ঠান শুরু ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।
 - ৬। উক্ত ভাষণ সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার রংপুর/ঠাকুরগাঁও সময়সময়ে মাধ্যমে যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।
 - ৭। উক্ত ভাষণ সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা ও ঠাকুরগাঁও সময়সময়ে ভাষণ সম্প্রচারের সাথে সম্পর্কিত কর্মকর্তা-কর্মচারী ও উপস্থাপক-উপস্থাপিকাদের নিরাপত্তা পাশ সঙ্গ্রহের ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়া ভাষণটি প্রচারের পূর্বে সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকগণ ঘোষণা/প্রমো প্রচারের মাধ্যমে শ্রোতাদের অবহিতকরণ এবং সংশ্লিষ্ট সকলের (প্রকৌশল ও বার্তা শাখাসহ) সাথে যোগাযোগসহ প্রয়োজনীয় সময়সময়ের দায়িত্ব পালন করবেন।
 - ৮। উক্ত ভাষণ প্রচারের সময় ফিলার প্রচারে অনুমোদিত অনুষ্ঠান/গানের তালিকা অনুসরণের জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা প্রদান করা হলো।
 - ৯। উক্ত ভাষণ সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা, রংপুর ও ঠাকুরগাঁও সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের পূর্বাঙ্কে দায়িত্ব অর্পণ, সম্প্রচার বৃদ্ধি উপস্থিত থেকে ভাষণ সম্প্রচার তত্ত্বাবধানসহ ভাষণ যথাসময়ে সম্প্রচার নিশ্চিত করবেন।
 - ১০। মাননীয় প্রধানমন্ত্রীর বর্ণিত ভাষণের ওপর রিপোর্টিং সংবাদে প্রচারের জন্য পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা ও আঞ্চলিক/উপ-বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার রংপুর/ঠাকুরগাঁও-কে অনুরোধ করা হলো।
 - ১১। মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ সম্প্রচারের ২ ঘন্টা পূর্বে বহিঃসম্প্রচার দলকে অনুষ্ঠানস্থলে উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হলো।
 - ১২। পরিচালক, লিয়াজে, বাংলাদেশ বেতার সদর দপ্তর-এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(নাসরুল্লাহ মো. ইরফান)
পরিচালক, অনুষ্ঠান

উপমহাপরিচালক, অনুষ্ঠান (দায়িত্বে)
ফোন: ০২-৪৪৮১৩০৭৪
মহাপরিচালকের পক্ষে।

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ১। উপমহাপরিচালক (বার্তা)/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার ধামরাই, ঢাকা।
- ৩। সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার সদর দপ্তর, ঢাকা (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)/জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাভার, ঢাকা।
- ৪। পরিচালক, লিয়াজে, বাংলাদেশ বেতার সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। আঞ্চলিক পরিচালক/প্রকৌশলী/বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার ঢাকা/রংপুর/ঠাকুরগাঁও।
- ৬। স্টেশন প্রকৌশলী, নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা।
- ৭। উপ-বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার ঠাকুরগাঁও।